



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”  
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪  
Comilla Palli Bidyut Samity-4

জেনারেল ম্যানেজারের কার্যালয়ঃ  
লাকসাম, কুমিল্লা।  
web: www.comillapbs4.org.bd  
e-mail: comillapbs4@gmail.com  
Phone : 08032-51278

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.৪০.০২৬.১৭. ৪৮৬১


তারিখঃ ০৯ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ  
২৫ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ

“ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ সম্পর্কিত বিজ্ঞপ্তি”

বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.০১৭.৩৩.৬৩৩.১৭.৮৯৪, তারিখ- ০১/১১/২০১৭ খ্রিঃ তারিখ মোতাবেক কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ভিলেজ ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্থানীয় পুরুষ/ মহিলাদের দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ০১। আগ্রহী প্রার্থীগণের নিকট হতে সাদা কাগজে নিজের নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা (যদি থাকে) ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। দরখাস্তের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম সম্বলিত সীল দ্বারা) সকল সনদ পত্রের অনুলিপি, সাম্প্রতিক তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে জাতীয়তা, চারিত্রিক সনদপত্রসহ আবেদনপত্র আগামী ২৫/১১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (লাকসাম, কুমিল্লা) পৌছাতে হবে। বিলম্বে প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২। কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ভৌগলিক এলাকার প্রার্থী অর্থাৎ লাকসাম, (লাকসাম পৌরসভা ব্যতিত), নাঙ্গলকোট, মনোহরগঞ্জ উপজেলার সকল গ্রামের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ০৩। আবেদনের তারিখে বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে।
- ০৪। আবেদনকারীকে এসএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ০৫। বাড়ী ঘর ওয়্যারিং করার প্রয়োজনীয় টুলস্ ক্রয়ের সামর্থ থাকতে হবে।
- ০৬। ২৭/১১/২০১৭ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১০ঃ০০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তরে মূল কাগজ পত্রাদিসহ উপস্থিত হয়ে প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় যারা উত্তীর্ণ হবেন কেবলমাত্র তাদের কেই প্রশিক্ষণের জন্য প্যানেল ভুক্ত করা হবে।
- ০৭। মনোনীত প্রার্থীগণকে প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণ ফি বাবদ জন প্রতি ৪০০০/(চার হাজার) টাকা (অফেরৎ যোগ্য) প্রশিক্ষণ শুরু প্রথম দিন সমিতির ক্যাশ কাউন্টারে জমা দিতে হবে।
- ০৮। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সমিতি কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রশিক্ষণ পরিদপ্তর কর্তৃক চূড়ান্ত পরীক্ষায় কৃৎকার্য ভিলেজ ইলেকট্রিশিয়ানগণ সমিতির ভৌগলিক এলাকায় গ্রাহক সদস্যদের বাড়ী ঘর ওয়্যারিং করতে পারবেন এবং গ্রাহক সদস্যগণ তাদেরকে পারিশ্রমিক প্রদান করবেন। ভিলেজ ইলেকট্রিশিয়ানগণ সমিতির কর্মচারী নন বিধায় সমিতি হতে কোন প্রকার বেতন/ভাতাদি পাবেন না।

  
০৭. ১১. ১৭  
(খান মোহাম্মদ বোরহান)  
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য )

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)পরিদপ্তর/ প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, কুমিল্লা।
- ০৫। উপজেলা চেয়ারম্যান,..... কুমিল্লা।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা..... কুমিল্লা।
- ০৭। চেয়ারম্যান,..... পরিষদ, কুমিল্লা।
- ০৮। ডিজিএম, সদর দপ্তর/ নাঙ্গলকোট,/ মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ০৯। এজিএম(সদস্য সেবা/অর্থ/এডমিন/ ওএন্ডএম),সদর দপ্তর, কুমিল্লা পবিস-৪।
- ১০। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হল)।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

(খান মোহাম্মদ বোরহান)  
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)